মধুমতি নদী তীর সংরক্ষণ প্রকল্পের টাকা এবারও কি পানিতে যাবে?

রিফাত বিন ত্বহা, নড়াইল থেকে ॥ পানি উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন প্রকল্পের টাকা পানিতেই যায়! গেল বছর ১ কোটি ৩৫ লাখ টাকা অপচয় হয়েছে, এবারও কি সরকারের সাড়ে ৪ কোটি টাকা পানিতে যাবে ? এত টাকা ব্যয়ে নড়াইলের মল্লিকপুর-মঙ্গলহাটা বন্যা নিয়ন্ত্রণের জন্য নির্মিত স্পার বাঁধ বর্ষা মৌসুম শুরুর আগে সমাপ্ত করা অনিশ্চিত হয়ে পড়েছে। স্পার নির্মাণে ব্যাপক দুর্নীতি, অনিয়ম ও বাস্তবায়নাধীন ৪টি প্রকল্পের নকশা বহির্ভূত আনুমানিক ১ কোটি ২৩ লাখ ৮০ হাজার টাকার ৬ লাখ ১৯ হাজার সিনথেটিক ব্যাগের কথা দরপত্রে উল্লেখ করা হয়েছে। মূল নকশায় সিনথেটিক ব্যাগের কথা উল্লেখ নেই। কার্যাদেশ পাওয়ার পর ঠিকাদাররা ৩ মাসে এ প্রকল্পের অর্ধেক কাজ শেষ করেছেন। নির্ধারিত সময়ানুযায়ী বাকি কাজ শেষ করা আদৌও সম্ভব নয়। নির্মাণ কাজের ঠিকাদারদের ধীরগতি ও পাউবো কর্মকর্তাদের দায়িত্বহীনতা, সীমাহীন দুর্নীতির কারণে এ অবস্থার সৃষ্টি হয়েছে বলে এলাকাবাসী অভিযোগ করেছে। লোহাগড়া উপজেলার মঙ্গলহাটা-মল্লিকপুর বেড়ি বাঁধের মধুমতি তীর সংরক্ষণ প্রকল্পের কাজ নিয়ে জনমনে এ সন্দেহের সৃষ্টি হয়েছে। তারা বলেছেন, এ ধরনের দুর্নীতির ফলে গেল বছর মধুমতি নদীর মঙ্গলহাটা এলাকা ভাঙ্গনের শিকার হয়ে বন্যায় ক্ষতিগ্রস্ত হয়ে ৭টি ইউনিয়ন প্লাবিত হয়। কয়েক হাজার বাড়ি ঘর তলিয়ে যায়। ফসল ও গবাদি পশুর ব্যাপক ক্ষতি হয়। সেনাবাহিনীর নিরলস পরিশ্রমে ভাঙ্গন এলাকায় অস্থায়ী বাঁধ নির্মাণ করা হয় এবং সেনাবাহিনীর হস্তক্ষেপে এলাকাবাসীর দীর্ঘদিনের দাবি বাস্তবায়নের জন্য এ প্রকল্পে এ বছর সর্বোচ্চ বরাদ্দ দিয়েছে। এ খবর সংশ্লিষ্ট সূত্রের। সরেজমিন প্রকল্প এলাকা ঘুরে দেখা যায়, মধুমতি নদীর পানি বাড়তে শুরু করেছে। প্রকল্প এলাকা পরিদর্শন করে পানি উন্নয়ন বোর্ড (পাউবো) দক্ষিণ-পশ্চিমাঞ্চলের প্রধান প্রকৌশলী গিয়াস উদ্দিন সাংবাদিকদের কাছে স্বীকার করেন, নদীর পানি ইতোমধ্যে ১ ফুট বেড়ে গেছে। তিনি স্থানীয় কর্মকর্তাদের দ্রুত কাজ সমাপ্ত করার নির্দেশ দিয়েছেন। নড়াইল পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মোঃ দেলোয়ার হোসেন সাংবাদিকদের জানিয়েছেন, প্রকল্পে মোট ৭টি স্পার নির্মাণ, জিও ব্যাগ ও সিসি ব্লক ডাম্পিংসহ বিভিন্ন কাজ রয়েছে। ৪টি গ্রুপে বিভক্ত সাড়ে ৪ কোটি টাকা ব্যয়ের প্রকল্পে মোট ৩ ঠিকাদার কাজ করছেন। ২০ ফেব্রুয়ারি কার্যাদেশ দেওয়া হয়েছে এবং আগামী ৩০ মে'র মধ্যে প্রকল্পের কাজ শেষ করার নির্ধারিত সময়সীমা রয়েছে। স্থানীয় ঠিকাদারদের অভিযোগ, উপ-বিভাগীয় প্রকৌশলী সরফরাজ বান্দা দরপত্র আহ্বানের শুরু থেকেই অনিয়মের আশ্রয় নেয়। তার সহযোগিতায় দরপত্র দাখিলের নির্দিষ্ট সময়সীমা পার হওয়ার ১০ মিনিট পর উপস্থিত ঠিকাদারদের আপত্তির মুখে মাগুরার এক ঠিকাদারের কাছ থেকে দরপত্র জমা নেয়া হয়। ওই ঠিকাদার এই প্রকল্পের কাজও পেয়েছেন। এ ছাড়া উপ-সহকারী প্রকৌশলী সরফরাজ বান্দা তার পছন্দের ঠিকাদারদের কাজ পাইয়ে দিতে দরপত্রে নানা শর্ত জুড়ে দেয়। দরপত্র দাখিলের পর কাগজপত্র বাছাইয়েও অনিয়ম করা হয়েছে। ফলে পূর্ব অভিজ্ঞতা থাক্কা সত্ত্বেও অনেক ঠিকাদার দরপত্রে অংশগ্রহণ করেও কাজ পায়নি। নিয়মানুযায়ী কাগজপত্র যাচাই-বাছাই করতে একটি কমিটি রয়েছে। কিন্তু এই কর্মকর্তা নিজেই কাগজপত্র যাচাই-বাছাই করে কমিটির সদস্যদের দিয়ে তা অনুমোদন করে নিয়েছেন। নকশা বহির্ভূত সিনথেটিক ব্যাগের ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কেউই সাংবাদিকদের কাছে মুখ খুলতে রাজি হয়নি। অভিযোগ, স্পার নির্মাণের বল্লি স্থাপন, লোহার খাচা স্থাপনের দৈর্ঘ্য ও রডের পরিমাণ, সিনথেটিক ব্যাগ নিক্ষেপে সীমাহীন দুর্নীতি হয়েছে। সিসি ব্লক নিক্ষেপেও দুর্নীতির আশঙ্কা করছেন এলাকাবাসী। কারণ এখনও নির্ধারিত ৬৫ হাজার ব্লকের অর্ধেকও নির্মিত হয়নি। মঙ্গলহাটা গ্রামের মিলু শেখ (৩৫) জানান, নদী তীর থেকে দূরে স্রোত যেখানে আঘাত হানে সেখানে স্পার নির্মাণের কথা কিন্তু সংশ্লিষ্টরা তীরে মাটি কেটে স্পার নির্মাণ করছে। একই গ্রামের রফিজ উদ্দিন ঠাকুর বলেন, পুরাতন ব্লক যা গত বছর নদীতে নিক্ষেপ করা হয়েছিল, এবার ডুবুরি দিয়ে পানির নিচ থেকে আনুমানিক ৩ হাজার ব্লক তুলে আনা হয়েছে। এগুলো প্রকল্পের ব্যয়ে উল্লেখ আছে কিনা এ নিয়ে প্রশ্নের সৃষ্টি হয়েছে। মধুমতি নদী থেকে তুলে আনা ব্লক প্রকল্পের দক্ষিণাংশে দেখা গেলেও উপ-বিভাগীয় প্রকৌশলী সরফরাজ বান্দা এ ব্যাপারে মুখ খুলছে না। তবে তিনি দাবি করেছেন, ৭ হাজার ৪শ' ৩৫টি ব্লক গেল বছরের উদ্বৃত্ত রয়েছে। মঙ্গলহাটা গ্রামের মতিয়ার রহমান অভিযোগ করেন, দুর্নীতির ব্যাপারে এলাকাবাসী অভিযোগ করলে ঠিকাদার ও পাউবোর প্রকৌশলীরা তাদের বিরুদ্ধে পাল্টা অভিযোগ করে বলেন, চাঁদাবাজি করতে এসেছো, যা বোঝার অফিস বুঝবে। এলাকাবাসীর প্রশ্ন, অফিস যদি বুঝে থাকে তাহলে গেল বছর ১ কোটি ৫ লাখ টাকার কাজ কেন জলে গেল। তারা জানে না, এবার আরও সাড়ে ৪ কোটি টাকা ব্যয় করেও বন্যা আর নদী ভাঙ্গন থেকে নদী তীরবর্তী বাসিন্দারা মুক্তি পাবে কিনা ?

বাগেরহাটে বাদীর স্বাক্ষর জাল ॥ তিন দারোগাসহ ৫ পুলিশের বিরুদ্ধে মামলা

নিজস্ব সংবাদদাতা, বাগেরহাট, ১৭ মে ॥ স্বাক্ষর জালিয়াতি ও ধর্ষণ মামলা না নিয়ে ধর্ষণ চেষ্টা মামলা গ্রহণ করার অভিযোগে মোল্লাহাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ও ও দারোগাসহ ৫ পুলিশের বিরুদ্ধে মামলা হয়েছে। শনিবার মামলার বাদী মোল্লাহাটের কুলিয়া ইউনিয়নের নতুন ঘোষগাতি গ্রামের মৃত রহমান মোল্লার মেয়ে জেসমিন আক্তার এ বিষয়ে বাগেরহাট প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলন করেছেন। সংবাদ সম্মেলনে জানানো হয়, গত ৬ মার্চ একই গ্রামের জালাল শেখের ছেলে কালন শেখ বাদীর ঘরে ঢুকে তাকে ধর্ষণ করে। এ সময় তার চিৎকারে প্রতিবেশী এগিয়ে এসে কালনকে ছাড়িয়ে নিয়ে যায়। এ ঘটনায় ৯ মার্চ মোল্লাহাট থানায় ধর্ষণের অভিযোগে কালন শেখ ও তার সহযোগীদের বিরুদ্ধে মামলা দায়ের করেন। কিন্তু পুলিশ বাদীর স্বাক্ষর জাল করে ধর্ষণ মামলার অভিযোগপত্র পরিবর্তন করে ধর্ষণ চেষ্টার মামলা রেকর্ড করেন এবং সহযোগীদের নাম মামলা থেকে বাদ দেয়া হয়। পরে পুলিশ এ মামলার চূড়ান্ত প্রতিবেদন দিয়ে ১৭ ধারায় উল্টো বাদীর বিরুদ্ধে মামলা রেকর্ড করে এবং জেলে দেয়ার হুমকি দেয়। স্বাক্ষর জালিয়াতি ও ধর্ষণ মামলা না নিয়ে ধর্ষণ চেষ্টা মামলা গ্রহণ করার অভিযোগে জেসমিন আক্তার গত ১৩ মে বাগেরহাটে চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে মামলা দায়ের করেছেন। আদালত ম্যাজিস্ট্রেট নূর আলী ও সহযোগী ম্যাজিস্ট্রেট ইয়াররব হোসেনের সমন্বয়ে মামলার তদন্তের নির্দেশ দিয়েছেন।

মামলার অভিযুক্ত পুলিশ সদস্যরা হলো ওসি মোঃ গোলাম মোস্তফা, এসআই আব্দুস সাত্তার, মোঃ সুলতান ও মোঃ নাজমুল এবং থানার ওয়ারলেস অপারেটর কন্সটেবল সুরজিত কুমার। এ ঘটনায় বাদী বাগেরহাট আদালতে এ মামলা দায়ের করেন। মোল্লাহাট থানার ওসি মোঃ গোলাম মোস্তফা এ প্রতিবেদককে জানান, একাধিক বার উক্ত বাদী জেসমিনকে ডাক্তারী পরীক্ষার জন্য বাগেরহাট সদর হাসপাতালে প্রেরণ করা হলেও তিনি ডাক্তারী পরীক্ষা করাতে রাজি হননি, যা সংশ্লিষ্ট থানায় রেকর্ড পত্রে উল্লেখ রয়েছে। তা ছাড়া স্বাক্ষর জালিয়াতির অভিযোগ সম্পূর্ণ কাল্পনিক। এ বিষয়ে বাগেরহাটের পুলিশ সুপার একেএম শহীদুর রহমান জানান, আদালতের নির্দেশ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

একটি ল্যাপটপ হারানোর ঘটনাকে কেন্দ্র করে...

নিজস্ব সংবাদদাতা, বাউফল, ১৭ মে ॥ বাউফলে ভোটার আইডি কার্ড তৈরির কাজে ব্যবহৃত একটি ল্যাপটপ হারানোর ঘটনাকে কেন্দ্র করে সেনাসদস্য ও কম্পিউটার অপারেটরদের মধ্যে অপ্রীতিকর ঘটনার ৬ ঘণ্টা পর সমঝোতা হয়েছে। কয়েক সেনাসদস্যের হাতে দিবাকর সরকার পিন্টু (২৮) নামের এক কম্পিউটার অপারেটর নির্যাতিত হওয়ার প্রতিবাদে সহকর্মী দুই শ' কম্পিউটার অপারেটর ক্ষুব্ধ হয়ে ওঠেন এবং দায়িত্ব থেকে অব্যাহতির ঘোষণা দিলে ভোটার কার্যক্রম ব্যাহত হওয়ার আশঙ্কায় বাউফলের ইউএনও এসএম আনছারুজ্জামান ও ক্যাম্প ইনচার্জ ক্যাপ্টেন মহাশিন আলীর হস্তক্ষেপের পর কম্পিউটার অপারেটররা পুনরায় কাজে ফিরে যান। জানা গেছে, শুক্রবার ধুলিয়া ইউনিয়নে ভোটার আইডি কার্ডের কার্যক্রম শেষে সেনাসদস্যরা ব্যবহৃত ল্যাপটপ নিয়ে বাউফল ক্যাম্পে ফিরে দেখে একটি ল্যাপটপ নেই। ঐ সময়ই সেনাসদস্যরা ল্যাপটপ ব্যবহারকারী দিবাকর সরকার পিন্টুকে এক আত্মীয় বাড়ি থেকে ধরে এনে শারীরিক নির্যাতন করে। বিষয়টি অন্য সহকর্মীদের মধ্যে ছড়িয়ে পড়লে তাঁরা সম্মিলিতভাবে শনিবার ক্যাম্পের সামনে গিয়ে এ ঘটনার প্রতিবাদ জানায় এবং দায়িত্ব থেকে অব্যাহতির ঘোষণা দিলে পরিস্থিতি স্বাভাবিক করতে বাউফলের ইউএনও ক্যাম্প ইনচার্জের যৌথ উদ্যোগে প্রায় ৬ ঘণ্টা চেষ্টার পর ক্ষুব্ধ কম্পিউটার অপারেটরদের সঙ্গে সমঝোতায় পৌঁছেন। দিবাকরকে নির্যাতনের ঘটনায় সেনা সদস্যদের পক্ষে ক্যাম্প ইনচার্জ দুঃখ প্রকাশ করেন এবং এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি ঘটবে না বলে আশ্বস্ত করলে কম্পিউটার অপারেটররা কাজে ফিরে যান। আহত দিবাকর সরকার পিন্টুকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। হারিয়ে যাওয়া ল্যাপটপটি স্থানীয় কুমারখালী ব্রিজের কাছ থেকে উদ্ধার করা হয়েছে।

সাতক্ষীরায় ৪৮ ঘণ্টায় চার খুন

স্টাফ রিপোর্টার, সাতক্ষীরা ॥ জেলায় এক কৃষককে জবাই করে হত্যা করেছে সন্ত্রাসীরা। শুক্রবার রাতে জেলার পাটকেলঘাটা থানার উত্তর শার্শা গ্রামে এই নৃশংস ঘটনা ঘটে। সাধু সাহার পুত্র অধীর সাহাকে (৬০) বারান্দায় ঘুমিয়ে থাকা অবস্থায় সন্ত্রাসীরা জবাই করে পালিয়ে যায়। এদিকে গত ৪৮ ঘণ্টায় সাতক্ষীরায় দুই গৃহবধূসহ ৪ জন খুন হয়েছে। বৃহস্পতিবার রাতে সদরের খানপুর গ্রামের গৃহবধূ হাসিনা খাতুন স্বামীর নির্যাতনে নিহত হন। একই রাতে সদর উপজেলার শিয়ালডাঙ্গা গ্রামের গৃহবধূ মমতাজ বেগমকে যৌতুকের দাবিতে পিটিয়ে হত্যা করা হয়। শুক্রবার মাটি কাটা নিয়ে বিরোধের জের ধরে কলারোয়া উপজেলার দেয়াড়া গ্রামে বেলাল নামে (৩৫) এক যুবক নিহত হয়।

কেরানীগঞ্জ : কেরানীগঞ্জ সংবাদদাতা জানান, শনিবার বিকালে সন্ত্রাসীরা মাথায় গুলি করে হত্যা করেছে কুদরত উল্লাহ কৌদাকে (২৫)। ঘটনাটি ঘটেছে কেরানীগঞ্জের শুভাঢ্যা ইউনিয়নের কৈবর্তপাড়া এলাকায়।

কলাপাড়ায় ঝড়

নিজস্ব সংবাদদাতা, কলাপাড়া, ১৭ মে ॥ শনিবার শেষ বিকালে কলাপাড়ার ওপর দিয়ে কালবৈশাখী ঝড় বয়ে গেছে। ঝড়ে সিডর ক্ষতিগ্রস্ত শত শত ঝুপড়ি ঘরের মানুষ ফের ক্ষতির শিকার হয়। বহু ঘর উড়ে গেছে। ঝড়ের সঙ্গে বৃষ্টি হওয়ায় তীব্র দাবদাহ কমেছে। মানুষের মাঝে স্বস্তি নেমে এসেছে। ঝড়ের সময় কাজ করতে গিয়ে মোহন (৪৮) এক কাঠমিস্ত্রি আহত হয়।

পুজোর স্থান তছনছ

দিনাজপুরে সংখ্যালঘু এতিম পরিবারে হামলা ॥ বিগ্রহসহ বসতবাড়ি ভাংচুর

স্টাফ রিপোর্টার, দিনাজপুর ॥ দিনাজপুরের বীরগঞ্জ উপজেলার মদনপুরে শনিবার সকালে সংখ্যালঘু এক এতিম পরিবারের বসতবাড়ি ও পুজোর স্থান ভাংচুর করেছে স্থানীয় এক বিএনপি নেতা ও তার সাঙ্গোপাঙ্গরা। এ ব্যাপারে থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। উল্লেখ্য, ২ বছর আগে এ নেতাই এলাকার অপর এক সংখ্যালঘু পরিবারকে তাদের বসতবাড়ি ভাংচুর করে উচ্ছেদের চেষ্টা চালায়। বীরগঞ্জ উপজেলার ৫নং সুজালপুর ইউনিয়নের মদনপুর গ্রামের ১১ শতক জমির ওপর বংশ পরম্পরায় এক মুচি পরিবারের বসবাস। পরিবারের কর্তা রাজকুমার ৯ মাস আগে এবং তার স্ত্রী মতিলাল বালা ৪ বছর আগে ২ সন্তান রেখে মারা যায়। তাদের দুই সন্তান যুথি (৯) ও শান্ত (৪) ওই বাড়িতে পিসি বিথিয়ার কাছে থাকত। ভিক্ষা করে কাটত তাদের সংসার। বসতবাড়ি বলতে জরাজীর্ণ মাটির একটি কোঠার ঘর, একটি রান্নাঘর ও উঠোনের মধ্যে ঠাকুর বিগ্রহসহ পুজোর স্থান। বিভিন্নজনের কাছ থেকে বাঁশ ও খড় সংগ্রহ করে শনিবার সকালে তারা ঘর মেরামত করতে গেলে স্থানীয় জোতদারের রোষানলে পড়ে। হাজী সামাদ, হাজী গোলাম আযম কাজল ও হাজী হাবিবুর রহমান হাবিবের নেতৃত্বে ২০ জনের একটি দল তাদের ওপর চড়াও হয়ে ভাংচুর চালায়। মুহূর্তের মধ্যে মাটির সঙ্গে মিশে যায় একমাত্র মাথা গোঁজার ঠাঁই ঘরসহ সবকিছু। সন্ত্রাসীদের হামলা থেকে রেহাই পায়নি পুজোর স্থানটুকুও। দুর্বৃত্তরা বিগ্রহ পর্যন্ত ভেঙ্গে ফেলে। পরে এলাকাবাসীর প্রতিরোধের মুখে তারা পালিয়ে যায়। ঘটনার ৫ ঘণ্টা পর বীরগঞ্জ থানার ওসির নেতৃত্বে একদল পুলিশ ঘটনাস্থলে যায়। বীরগঞ্জ থানার ওসি মোজাম্মেল হক জানান, এ ব্যাপারে যুথি ও শান্তর পিসি বিথিয়া দাই বাদী হয়ে বীরগঞ্জ থানায় একটি মামলা দায়ের করেছে।

স্ত্রীকে পিটিয়ে আত্মহত্যা

নিজস্ব সংবাদদাতা, সাভার, ১৭ মে ॥ চাল কেনার টাকা চাওয়ার অপরাধে (!) নেশাখোর স্বামী পিটিয়ে রক্তাক্ত জখম করে স্ত্রীকে। পরে স্ত্রী মারা যেতে পারে এবং মারা গেলে হত্যা মামলার আসামী হতে হবে–এ আশঙ্কায় স্বামী অবশেষে স্ত্রীর শাড়ি দিয়ে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে। চাঞ্চল্যকর এ ঘটনাটি ঘটেছে শনিবার সকালে উপজেলার তেঁতুলঝোড়া ইউনিয়নের নাটোরপাড়া গ্রামে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, গাজীপুরের টঙ্গী থানার ছোট বয়ের (পূবাইল) গ্রামের মৃত আঃ সোবাহানের পুত্র আঃ হান্নান (৩৮) সাভারের নাটোরপাড়া গ্রামে স্ত্রী ও ২ সন্তানসহ সুমনের বাসায় ভাড়া থাকত। পেশায় কাঁচামাল ব্যবসায়ী হলেও সে নেশায় আসক্ত ছিল। দু' সন্তানের মধ্যে ছেলে স্থানীয় একটি টেইলার্সের দোকানে ও মেয়ে একটি গার্মেন্টসে চাকরিরত। নেশার পেছনে নিজের উপার্জিত টাকা ব্যয় করা ছাড়াও ছেলেমেয়ের কাছ থেকেও টাকা চেয়ে নিত। এ নিয়ে স্ত্রী শাহিদা বেগমের (৩৫) সঙ্গে তার প্রায়ই ঝগড়া লাগত। শনিবার সকাল ৮টার দিকে ঘরে চাল না থাকায় শাহিদা স্বামীর কাছে চাল কেনার টাকা চায়। এতে হান্নান ক্ষিপ্ত হয়ে স্ত্রীকে বেধড়ক পিটিয়ে রক্তাক্ত জখম করে। এতে শাহিদার মাথা ফেটে ঘরের মেঝে ভেসে যায় রক্তে। পার্শ্ববর্তী বাসার ভাড়াটিয়া এক মহিলা তাকে আশঙ্কাজনক অবস্থায় সাভার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে।

ময়মনসিংহে মীথ সার্কেল সোয়েটার ফ্যাক্টরি বন্ধ ঘোষণা

স্টাফ রিপোর্টার, ময়মনসিংহ ॥ শনিবার আন্দোলনরত শ্রমিকদের ক্ষোভ অসন্তোষের মুখে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে ময়মনসিংহ শহরতলীর মীথ সার্কেল সোয়েটার ফ্যাক্টরি। এর আগে ন্যায্য মজুরিসহ ৩ দফা দাবি আদায়ে ক্ষুব্ধ শ্রমিকরা ফ্যাক্টরি পরিচালকসহ কর্মকর্তাদের অবরুদ্ধ করে শনিবার সকাল থেকে ধর্মঘট শুরু করলে কর্তৃপক্ষ পুলিশ ডেকে শ্রমিকদের বের করে দেয়। বকেয়া পাওনা পরিশোধ না করেই কর্তৃপক্ষ পুলিশের সহায়তায় শ্রমিকদের আকস্মিকভাবে ফ্যাক্টরি থেকে বের করে দেয়ায় শ্রমিকদের মধ্যে ক্ষোভ, অসন্তোষ বিরাজ করছে। এ নিয়ে চলতি বছরের ফেব্রুয়ারিতে ফ্যাক্টরি চালুর পর ৩ বার শ্রমিক অসন্তোষের ঘটনা ঘটল। শনিবার দুপুরে ফ্যাক্টরির আন্দোলনরত শ্রমিকরা জানিয়েছে, পুরুষ-মহিলাসহ ৩ শতাধিক শ্রমিক বর্তমানে ফ্যাক্টরিতে কাজ করছে। এসব শ্রমিক কর্মচারী কোনরূপ পরিচয়পত্র ও নিয়োগপত্র ছাড়াই কাজ করতে বাধ্য হচ্ছে। শ্রমিকদের অভিযোগ, উৎপাদনের ওপর তাদের যে মজুরি দেয়া হচ্ছে তা দেশের অন্যান্য যে কোন গার্মেন্টস ফ্যাক্টরি থেকে অনেক কম। একটি সোয়েটার তৈরি করে দেয়ার পর যেখানে ৭০ টাকা মজুরি দেয়ার কথা সেখানে শ্রমিকদের দেয়া হচ্ছে মাত্র ৪০ টাকা। একইভাবে ৫০ টাকার স্থলে ৩১ টাকা, ৪৫ টাকার স্থলে ২৮ টাকা ও ৩০ টাকার স্থলে দেয়া হচ্ছে মাত্র ২৩ টাকা! এছাড়া ওভার টাইম না দেয়া ও টিফিনের জন্য মাত্র ৮ টাকা বরাদ্দ দেয়ার অভিযোগ রয়েছে। শ্রমিকদের অভিযোগ এসব নিয়ে প্রতিবাদ করলে কর্তৃপক্ষ কারণ ছাড়াই ছাঁটাইয়ের হুমকি দেয় শ্রমিকদের। ইতোপূর্বে ন্যায্য মজুরি দাবি করায় মোস্তফা, মিজান, জুয়েলসহ ৪ শ্রমিককে ছাঁটাই করে কর্তৃপক্ষ। এই ঘটনার মাত্র এক মাসের ব্যবধানে মজুরি বৃদ্ধিসহ ওভার টাইম ও টিফিনের বরাদ্দ বাড়ানোর দাবিতে শ্রমিকরা শনিবার সকালে ফ্যাক্টরির পরিচালকসহ কর্মকর্তাদের ভিতরে অবরুদ্ধ করে ধর্মঘট শুরু করে। এ নিয়ে শ্রমিক ও কর্তৃপক্ষের মধ্যে দফায় দফায় আলোচনায় কর্তৃপক্ষ শ্রমিকদের দাবি মেনে না নেয়ায় বিক্ষুব্ধ হয়ে ওঠে শ্রমিকরা। হামলা ও ভাংচুরের আশঙ্কায় কর্তৃপক্ষ ফ্যাক্টরির বাইরে থেকে তালা দিয়ে শ্রমিকদের ভিতরে আটকে রাখে। পরে পুলিশের সহায়তায় আন্দোলনরত শ্রমিকদের ফ্যাক্টরি থেকে বের করে দিয়ে অনির্দিষ্টকালের জন্য ফ্যাক্টরি বন্ধ ঘোষণা করে কর্তৃপক্ষ। ফ্যাক্টরি পরিচালক খায়রুল আলম সিদ্দিকী জানিয়েছেন, অযৌক্তিক দাবি নিয়ে গুটিকয়েক শ্রমিক আন্দোলন করে ফ্যাক্টরির উৎপাদন বাধাগ্রস্ত করছে বার বার। উদ্ভূত পরিস্থিতি সামাল দিতে ফ্যাক্টরি বন্ধ ঘোষণা করা হয়েছে বলে জানান এই পরিচালক।

রংপুরে আলু প্রদর্শনীতে উপচেপড়া ভিড়

স্টাফ রিপোর্টার, রংপুর ॥ ভাতের পাশাপাশি খাদ্য হিসাবে সাম্প্রতিককালে আলুর প্রতি শহুরে মানুষেরও যে যথেষ্ট আগ্রহ ও কৌতূহলের সৃষ্টি হয়েছে, তার এক বড় প্রমাণ মিলেছে শনিবার রংপুরের আলু প্রচারাভিযান মেলায়। সকাল থেকেই মেলায় আলুর তৈরি রকমারি মজাদার খাদ্যের রেসিপি দেখতে বিভিন্ন শ্রেণী ও পেশার হাজারও নারী পুরুষের ঢল নামে। ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ এবং দ্য মিলেনিয়াম স্টারস আয়োজিত আলুর এ প্রদর্শনীতে প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীদের পাশাপাশি ব্যক্তিগতভাবেও তৈরি আলুর বিভিন্ন খাবারের এক সমৃদ্ধ আয়োজনে আলুর প্রতি আশান্বিত হয়েছে অনেকে। মেলায় আগত অনেক মহিলাও জানালেন আলু দিয়ে তৈরি খাদ্যের শিক্ষণীয় বিষয়গুলো। ক্যান্ট. পাবলিক স্কুল ও কলেজ মাঠে সকালে বেলুন উড়িয়ে এ মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন আলু চাষী ফজলে হক। এ সময় সেখানে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের চেয়ারম্যান লে. কর্নেল আফতাবুল ইসলাম, অধ্যক্ষ লে. কর্নেল মোঃ নজরুল ইসলাম পিএসসি, এইসি, রংপুর চেম্বারের সভাপতি মোস্তফা আজাদ চৌধুরী বাবু এবং বিভিন্ন আলু চাষী ছাড়াও সেনাবাহিনীর কর্মকর্তা, প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকা এবং সুধীবৃন্দ। মেলায় মোট ২৮টি স্টল ছিল। প্রদর্শনীর পাশাপাশি মেলায় স্থানীয় শিল্পীদের পরিবেশনায় ভাওয়াইয়া ও দেশগান আগতদের নানাভাবে মাতিয়ে রাখে।

বাগেরহাটে দুই মাদক বিক্রেতাকে মারপিট

নিজস্ব সংবাদদাতা, বাগেরহাট, ১৭ মে ॥ জেলার ফকিরহাটে হেরোইন ও মাদক ব্যবসার দ্বন্দ্বের জের ধরে প্রতিপক্ষরা সাবেক মেম্বার আজিম উদ্দিন ওরফে হেরোইন আজিম ও বিল্লাল হোসেন নামে দুই মাদক ব্যবসায়ীকে মারপিট করে পুলিশে সোপর্দ করেছে। এ সময় পুলিশ মাদক ব্যবসায়ী মহিবুল, রবিউল ও আরিফ নামে আরও ৩ জনকে আটক করলেও রহস্যজনক কারণে তাদের ছেড়ে দিয়েছে। শনিবার ভোররাতে ফকিরহাটের শ্যামবাগাত গ্রামে এ ঘটনা ঘটে। এ ঘটনায় মহিবুল ইসলাম বাদী হয়ে ফকিরহাট থানায় একটি মামলা দায়ের করেছেন। এলাকাবাসী ও পুলিশ জানায়, ফকিরহাটের শ্যামবাগাত গ্রামের মৃত জব্বার আলীর ছেলে সাবেক মেম্বার আজিম উদ্দিন ওরফে হেরোইন আজিম এবং ওমর আলীর ছেলে মহিবুল ইসলাম উভয়েই এলাকায় হেরোইনসহ বিভিন্ন মাদক ব্যবসায় লিপ্ত। গত ১৩ এপ্রিল রামপালের শংকপুর এলাকার আল-আমীনসহ ২ মাদকসেবী আজিমের কাছ থেকে হেরোইন না নিয়ে মহিবুলের কাছ থেকে মাদক নেয়। এ নিয়ে উভয় গ্রুপের মধ্যে ঝগড়া হয়। একপর্যায়ে আজিম গ্রুপের বিল্লাল হোসেন আল-আমীনসহ ২ জনকে ধরে পুলিশে দেয়। তখন বিল্লাল বাদী হয়ে আল আমীন, মহিবুলসহ ৩ জনকে আসামী করে মামলা করে। এ নিয়ে উভয় গ্রুপের মধ্যে উত্তেজনা বিরাজ করতে থাকে। এ দ্বন্দ্বের জের ধরে শুক্রবার রাতে মহিবুল ও তার ভাই রবিউলসহ ৪/৫ জন তার চিংড়িঘেরের পাশ দিয়ে বাড়ি যাওয়ার পথে আজিম গ্রুপের বিল্লালকে ধরে মারপিট করে। এ সময় বিল্লালের চিৎকারে আজিমসহ অন্যরা এগিয়ে এলে মহিবুল গ্রুপ তাদেরকে ধোলাই দিয়ে পুলিশে সোপর্দ করে। পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে এসে আজিম, বিল্লাল, মহিবুল, রবিউল ও আরিফকে আটক করে নিয়ে যায়। পরে যোগসাজশে মহিবুল, রবিউল ও আরিফকে পুলিশ ছেড়ে দিয়ে আজিম ও বিল্লালের বিরুদ্ধে মামলা রুজু করে তাদের জেলহাজতে পাঠায়।

টেকনাফে বিডিআরের সঙ্গে গুলিবিনিময় ॥ দু'চোরাকারবারী হত

স্টাফ রিপোর্টার, কক্সবাজার ॥ শুক্রবার রাতে টেকনাফ সীমান্তে বিডিআরের সঙ্গে গুলিবিনিময়ে ২ চোরাকারবারী নিহত হয়েছে। টেকনাফ সদর ইউনিয়নের নাফ নদীতীরবর্তী স্লুইস গেট সংলগ্ন বেড়িবাঁধ এলাকায় ঘটেছে এ ঘটনা। নিহতদের একজনের নাম আবদুর রহিম (২৮)। সে টেকনাফের নাজিরপাড়ার বাসিন্দা। অপর নিহত চোরাকারবারী মিয়ানমারের বাসিন্দা বলে জানা গেছে। চোরাকারবারীর দল মিয়ানমার থেকে নৌকাযোগে চোরাই পণ্য পাচারকালে বিডিআর চ্যালেঞ্জ করে। এ সময় চোরাকারবারীর দল বিডিআরকে লক্ষ্য করে গুলি ছোড়ে। বিডিআরও পাল্টাগুলি ছোড়ে। বিডিআরও পাল্টাগুলিবর্ষণ করলে ঘটনাস্থলে তাদের মৃত্যু ঘটে। এ সময় অন্যরা পালিয়ে যায়। এ ব্যাপারে টেকনাফ থানায় মামলা হয়েছে।

জাতীয় পরিচয়পত্রের জন্য ছবি তুললেন স্পীকার

নিজস্ব সংবাদদাতা, পঞ্চগড়, ১৭ মে ॥ জাতীয় সংসদদের স্পীকার ও পঞ্চগড়-১ আসনের সাবেক সংসদ সদস্য ব্যারিস্টার মুহম্মদ জমিরউদ্দিন সরকার গতকাল শনিবার ভোটার রেজিস্ট্রেশন ও জাতীয় পরিচয়পত্রের জন্য ছবি তুলেছেন। এ জন্য সকালে তিনি পঞ্চগড়ের তেঁতুলিয়া উপজেলার ভজনপুর ইউনিয়নের বেগম খালেদা জিয়া বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে যান। সেখানে সংশিষ্ট কর্মকর্তারা তাঁকে স্বাগত জানান। এ সময় তিনি বলেন, যে পদ্ধতিতে বর্তমানে সেনাবাহিনীর সহায়তায় ভোটার তালিকা ও জাতীয় পরিচয়পত্রের কাজ চলছে তাতে আগামীতে জাল ভোট পড়ার আশঙ্কা থাকবে না। এ ধরনের একটি কাজের জন্য তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন প্রশংসা পাওয়ার দাবি রাখে। ভোটার রেজিস্ট্রেশন ও ছবি তোলার সময় পঞ্চগড়ের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মঞ্জুর হাসান ভুইয়া, পঞ্চগড় সেনা ক্যাম্পের অধিনায়ক লে. কর্নেল আবুল মনসুর মোঃ আশরাফ খান পিএসসি, তেঁতুলিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মঞ্জুর আলম প্রধান, এএসপি (সার্কেল) আব্দুস ছালাম, ভজনপুর ইউপি চেয়ারম্যান এমদাদুল হক উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় ট্রাকচাপায় শিক্ষক নিহত

নিজস্ব সংবাদদাতা, চুয়াডাঙ্গা, ১৭ মে ॥ আলমডাঙ্গা উপজেলার কান্তপুর ব্রিজ মোড়ে বালি ভর্তি ট্রাকের চাপায় শিক্ষক নজরুল ইসলাম (৪৫) নিহত হয়েছেন। শনিবার বেলা ১১টায় মাজহাদ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নজরুল ইসলাম মোটরসাইকেলযোগে বাড়ি ফিরছিলেন। এ সময় বালিভর্তি ট্রাক তাঁকে পিছন থেকে চাপা দিলে ঘটনাস্থলেই তিনি মারা যান। বিক্ষুব্ধ জনতা ট্রাকে আগুন ধরিয়ে দেয়।

নিজস্ব সংবাদদাতা, টঙ্গী থেকে জানান, শনিবার সকালে টঙ্গীর এরশাদনগর বাসস্ট্যান্ডে একটি বাস ফুটপাথে উঠে গেলে মাজেদা (২৮) নামে এক গার্মেন্টস কর্মী নিহত ও তোফায়েল নামে অপর এক ব্যক্তি গুরুতর আহত হয়।

তথ্য সংগ্রহকারীর সঙ্গে বিবাদের জের...

নিজস্ব সংবাদদাতা, পিরোজপুর, ১৭ মে ॥ ভোটার তথ্য সংগ্রহকারীর সঙ্গে পারিবারিক বিরোধ থাকায় ভোটার হতে পারেনি উপজেলার রঘুনাথপুর গ্রামের মৃত যোগেন্দ্র নাথ রায়ের পুত্র হিরেন্দ্র নাথ রায় ও তার পরিবারের সদস্যরা।

জানা গেছে, রঘুনাথপুর গ্রামের ভোটার তথ্য সংগ্রহকারী মঞ্জুশ্রী রায় ও হিরেন্দ্র নাথ রায় একই বাড়ির বাসিন্দা। দীর্ঘদিন ধরে জমিজমা নিয়ে তাদের মধ্যে বিরোধ চলে আসছিল। সম্প্রতি ছবিসহ ভোটার তালিকা প্রণয়নের তথ্য সংগ্রহকারীর দায়িত্ব পেয়ে মঞ্জুশ্রী রায় পূর্বশত্রুতার কারণে হিরেন্দ্র নাথ রায় ও তার ভাই শচীন্দ্র নাথ রায় ও পুত্রবধূ গীতরানী রায়কে কৌশলে ভোটার তথ্যের তালিকা থেকে বাদ দেয় বলে পরিবারটির অভিযোগ। ফলে ঐ পরিবারটি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হতে পারেনি। বিষয়টি নিয়ে হিরেন্দ্র নাথ ও তার ভাই শচীন্দ্র নাথ বিভিন্ন অফিসে যোগাযোগ করেও কোন প্রতিকার না পেয়ে আইনজীবীর মাধ্যমে পিরোজপুর জেলা নির্বাচন অফিসে যোগাযোগ করেন। সেখান থেকে পুনরায় নাজিরপুর উপজেলা নির্বাচন অফিসে যাওয়ার পরামর্শ দেয়া হয়। কিন্তু বহুবার ঘুরেও কোন প্রতিকার পাননি হিরেন্দ্র নাথের পরিবার। এ বিষয়টি নিয়ে উপজেলা নির্বাচন কর্মকর্তা মোঃ আজমল হোসেনের সঙ্গে মোবাইল ফোনে যোগাযোগ করলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করেন। তবে কেন তাদের ভোটার করে নেয়া হচ্ছে না সে প্রশ্নের উত্তর দিতে অপারগতা প্রকাশ করেন।

অর্থ সঙ্কটে ঠাকুরগাঁওয়ের চার প্রতিবন্ধী বোনের চিকিৎসা হলো না

নিজস্ব সংবাদদাতা, ঠাকুরগাঁও, ১৭ মে ॥ ঠাকুরগাঁওয়ের চলচ্ছক্তিহীন ৪ বোনকে অর্থের কারণ দেখিয়ে ঢাকা সাভারের সিআরপি তাদের বাড়ি পাঠিয়ে দিয়েছে। শনিবার প্রতিবন্ধী ৪ বোন বাড়ি ফিরে আসে। দৈনিক জনকণ্ঠে গত ১৬ সেপ্টেম্বর '০৭ 'টিকে থাকার লড়াই' শিরোনামে চলচ্ছক্তিহীন চার বোনের করুণ কাহিনী প্রকাশ হওয়ার পর ঢাকা সাভার থেকে সিআরপি (প্রতিবন্ধী চিকিৎসা সহায়তা কেন্দ্র) একটি প্রতিনিধি দল ঠাকুরগাঁওয়ে আসে এবং ওই ৪ বোনের চিকিৎসা ও পুনর্বাসনের আশ্বাস দিয়ে নিয়ে যায়। কিন্তু অর্থ সঙ্কটের কারণ দেখিয়ে প্রায় ৭ মাস পর সিআরপি প্রতিবন্ধী ওই ৪ বোনকে শনিবার ঠাকুরগাঁওয়ে পাঠিয়ে দিয়েছে। সিআরপি কর্তৃপক্ষের সঙ্গে এ ব্যাপারে যোগাযোগ করা হলে তারা জানায়, জনকণ্ঠে ওই ৪ প্রতিবন্ধীর সংবাদ প্রকাশের পর, ঢাকার আল আমিন গ্রুপের চেয়ারম্যান সিআরপিকে আশ্বাস দেন, তিনি ৪ প্রতিবন্ধীর সকল চিকিৎসা ও পুনর্বাসনে আর্থিক সহায়তা দেবেন এবং সিআরপি যেন এ ব্যাপারে উদ্যোগ গ্রহণ করে। সেই আশ্বাসের প্রেক্ষিতে সিআরপি ওই ৪ প্রতিবন্ধী কন্যাকে সাভার কেন্দ্রে নিয়ে চিকিৎসা শুরু করে। কিন্তু কিছুদিন পর আল আমিন গ্রুপের চেয়ারম্যান ব্যবসায়িক কাজে অনির্দিষ্ট দিনের জন্য দেশের বাইরে চলে যান। ফলে ৪ কন্যার চিকিৎসার আর্থিক সহায়তা পরিশেষে চিকিৎসা বন্ধ হয়ে যায়। উপায়ান্তর না পেয়ে সিআরপি তাদের বাড়ি পাঠিয়ে দেয়।

চট্টগ্রামে গণপিটুনিতে ডাকাত নিহত

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ কর্ণফুলী থানার শিকলবাহা এলাকায় শুক্রবার গভীর রাতে গণপিটুনিতে এক ডাকাত নিহত ও আহত হয়েছে আরও ৩ জন। জানা গেছে, মধ্যরাতে শিকলবাহা এলাকায় জেলেরা মাছসহ জাল তুলছিল নৌকায়। এ সময় সংঘবদ্ধ একটি ডাকাত দল সেখানে হাজির হয়। তারা সেখান থেকে মাছ লুটের চেষ্টা চালায়। এ সময় এক জেলে চিৎকার করে উঠলে আশপাশ থেকে অন্যান্য জেলে ও সাধারণ মানুষ ছুটে আসে। তারা ডাকাত দলটিকে ধাওয়া করে এবং একপর্যায়ে ৪ জনকে ধরে ফেলতে সক্ষম হয়। এরপর চলে গণপিটুনি। বেদম পিটুনিতে ঘটনাস্থলেই নিহত হয় ফারুক (৩০) নামের এক ডাকাত। আহত হয় সৈকত, আলমগীর ও শুক্কুর নামের তিনজন। আহত এ তিনজনকে পুলিশে সোপর্দ করা হয়।

ভৈরব-ঢাকা রেলপথ থেকে দু'টি লাশ উদ্ধার

নিজস্ব সংবাদদাতা ভৈরব, ১৭ মে॥ শনিবার সকালে ভৈরব জিআরপি পুলিশ ভৈরব-ঢাকা রেলপথের শ্রীনিধি ও মেথিকান্দা রেলস্টেশনের মাঝামাঝি স্থান থেকে অজ্ঞাত ২ যুবকের লাশ উদ্ধার করেছে। পুলিশের ধারণা ট্রেনে কাটা পরে অথবা ট্রেন থেকে পড়ে তাদের মৃত্যু হয়েছে। পুলিশ লাশ দু'টি ময়নাতদন্তের জন্য নরসিংদীর সদর হাসপাতালে প্রেরণ করেছে।

ট্রেন থেকে লাফিয়ে পড়ে দু'জনের মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, ব্রাহ্মণবাড়িয়া, ১৭ মে ॥ ট্রেন থেকে লাফিয়ে পড়ে ২ জনের মৃত্যু ও ২ যাত্রী আহত হয়েছে। শনিবার চট্টগ্রাম থেকে ছেড়ে আসা ঢাকাগামী মহানগর এক্সপ্রেস ট্রেন থেকে তারা লাফিয়ে পড়ে। নিহতরা হলো নাইম (৫) ও অজ্ঞাত (২৮)। জানা যায়, কুমিল্লা সদর রসুলপুর থেকে ট্রেন ছাড়ার পর ট্রেন থেকে একটি শিশু পড়ে যায়। তাকে উদ্ধার করতে গিয়ে অন্যরা লাফিয়ে পড়লে এ ঘটনা ঘটে। অন্য সূত্র জানায়, আকস্মিকভাবে ট্রেনটি ব্রেক করলে আতঙ্কিত যাত্রীরা লাফিয়ে পড়ে নিহত হয়।

তড়িতাহত হয়ে যুবকের মৃত্যু

সংবাদদাতা, দাউদকান্দি, ১৭ মে ॥ দাউদকান্দিতে বিদ্যুত স্পৃষ্ট হয়ে এক যুবকের মৃত্যু হয়েছে। শুক্রবার রাতে উপজেলার সুন্দলপুর ইউনিয়নের দশপাড়া গ্রামের সরাফত আলীর ছেলে আল-আমিন (২৭) বিদ্যুত সংযোগ দিতে গিয়ে সে এ দুর্ঘটনার শিকার হয়।

সংযোগরানন্দ গিরি ৭৫তম জয়ন্তি স্মৃতি উৎসব আজ থেকে শুরু

শ্রী শ্রী সংযোগানন্দ গিরি ৭৫তম হীরকজয়ন্তি স্মৃতি উৎসব ১৮ থেকে ২০ মে ২০০৮ পর্যন্ত কুমিল্লা জেলার দেবিদ্বার থানাধীন ওয়াহেদপুর গিরিধামে অনুষ্ঠিত হতে যাচ্ছে। তিন দিনব্যাপী অনুষ্ঠানমালার মধ্যে ১৮ মে সন্ধ্যায় শুভ অধিবাস ও সমবেত উপাসনা, ১৯ মে সকালে মঙ্গল আরতি, প্রভাতী শিব-সঙ্গীত, গুরুপূজা, বিষ্ণু পূজা, শিব পূজা, দুপুরে সপ্তশতী শ্রীশ্রী চণ্ডী পাঠ, প্রসাদ বিতরণ এবং বিকালে ধর্ম মহাসভা, বিশ্ব শান্তিকল্পে সমবেত প্রার্থনা ও রাতে শ্রীশ্রী মহাশক্তি মায়ের পূজা, রাতব্যাপী মাতৃ সঙ্গীত। ২০ মে দুপুরে শীতলা মায়ের পূজা। এই ধর্মীয় অনুষ্ঠানে ভারতসহ দেশের প্রতিটি জেলা ও বিভিন্ন অঞ্চল থেকে কয়েক হাজার ভক্ত উপস্থিত হয়ে থাকেন। -প্রেস বিজ্ঞপ্তি।

চাঁপাইনবাবগঞ্জে বজ্রপাতে দু'জনের মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, চাঁপাইনবাবগঞ্জ, ১৭ মে ॥ শনিবার সকালে জেলার শিবগঞ্জ উপজেলার দুর্লভপুর ইউনিয়নের তেত্রিশরশিয়া গ্রামে বজ্রপাতে বুদ্দু (২৫) ও আলী (২৫) নামের ২ জনের মৃত্যু ও ২ জন গুরুতর আহত হয়েছে। এ বজ্রপাতে কয়েকটি হালের বলদও মারা গেছে। গুরুতর আহত নাজমা (২২) ও তার শিশুসন্তান সজীবকে অচেতন অবস্থায় শিবগঞ্জ স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করা হয়েছে।

বয়স্ক ভাতা তুলতে এসে-

নিজস্ব সংবাদদাতা, চাঁপাইনবাবগঞ্জ, ১৭ মে ॥ অনির্ধারিত দিনে বয়স্কভাতা তুলতে এসে মৃত্যুর কোলে ঢলে পড়লেন ৭৩ বছরের বৃদ্ধ মুসলিম উদ্দিন। ঘটনাটি ঘটেছে শনিবার সকালে সদর থানার সোনালী ব্যাংক মহিলা শাখার গেটে।